

## ■■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৫৩২

৩৩/ জিহাদ ও এর নীতিমালা (کتاب الجهاد والسیر) পরিচ্ছেদঃ ৪৭. পুরুষের সঙ্গে স্ত্রীলোকের যুদ্ধযাত্রা

# باب غَزْوَةِ النِّسَاءِ مَعَ الرِّجَالِ

#### আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الدَّارِمِيُّ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍه، - وَهُوَ ابْنُ صُهُيْبٍ - عَنْ أَنسِ، بْنِ الْمِنْقَرِيُّ - حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ، - وَهُوَ ابْنُ صُهُيْبٍ - عَنْ أَنسِ، بْنِ مَالِكُ قَالَ لَمَّا كَانَ يَوْمُ أُحُدِ انْهُزَمَ نَاسٌ مِنَ النَّاسِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَأَبُو طَلْحَةَ بَيْنَ يَدَى النَّبِيِّ صلى الله عليه وسلم مُجَوِّبٌ عَلَيْهِ بِحَجَفَةٍ - قَالَ - وَكَانَ أَبُو طَلْحَةَ رَجُلاً رَامِيًا شَدِيدَ النَّرْعِ وَكَسَرَ يَوْمَئِذِ قَوْسَيْنِ أَوْ ثَلاَثًا - قَالَ - قَالَ - وَكَانَ أَبُو طَلْحَةَ رَجُلاً رَامِيًا شَدِيدَ النَّرْعِ وَكَسَرَ يَوْمَئِذِ قَوْسَيْنِ أَوْ ثَلاَثًا - قَالَ - قَالَ - فَكَانَ الرَّجُلُ يَمُرُ مَعَهُ الْجَعْبَةُ مِنَ النَّبُلِ فَيَقُولُ انْثُرْهَا لأَبِي طَلْحَةَ . قَالَ وَيُشْرِفُ نَبِيُّ اللَّهِ صلى الله عليه وسلم يَنْظُرُ إِلَى الْقَوْمِ فَيَقُولُ أَبُو طَلْحَةَ يَا نَبِيَّ اللَّهِ بِأَبِي أَنْتَ وَأُمِّي لاَ تُشْرِفُ لاَ يُصِبُكَ مِسْمُ مِنْ سِهَامِ الْقَوْمِ فَيْقُولُ أَبُو طَلْحَةَ يَا نَبِيَّ اللَّهِ بِأَبِي أَنْتَ وَأُمِّي لاَ تُشْرِفُ لاَ يُصِبُكَ مِنْ سَهُمْ مِنْ سِهَامِ الْقَوْمِ فَيْقُولُ أَبُو طَلْحَةَ يَا نَبِيَّ اللَّهِ بِأَبِي أَنْتَ وَأُمِّي النَّيْ بَعْرِفُ لَا يُعْرَبُ عَلَيْهِ فِي أَفُواهِ الْقَوْمِ وَلَقَدْ وَقَعَ السَّيْفُ مِنْ وَإِنَّا مِنَ النَّعَاسِ . وَلَقَدْ وَقَعَ السَّيْفُ مِنْ النَّعَاسِ .

#### বাংলা

৪৫৩২। আবদুল্লাহ ইবনু আবদুর রহমান দারেমী (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেছেন, ওহুদ যুদ্ধের দিন পরাস্ত হয়ে কতিপয় লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকেবিচ্ছিন্ন হয়ে গিয়েছিল।আবূ তালহা (রাঃ) তার সামনে একটি ঢাল দিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে আড়াল করে রেখেছিলেন। আর আবূ তালহা (রাঃ) ছিলেন একজন অতি দক্ষ তীরন্দাজ। সেদিন (যুদ্ধে) তিনি দুই বা তিনটি ধনুক ভেঙ্গে ফেলেন। রাবী বলেন, যখনই কোন ব্যক্তি তীর ভর্তি তুনীর নিয়ে পাশ দিয়ে যেতো, তখনই তিনি (রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলতেন, এগুলো আবূ তালহার জন্য রেখে যাও। রাবী বলেন, যখনই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাথা তুলে লোকজনের প্রতি তাকাতেন, তখনই আবূ তালহা (রাঃ) বলে উঠতেন, হে আল্লাহর নবী!



আপনার জন্য আমার পিতামাতা কোরবান! আপনি মাথা উঠাবেন না; এমন না হয় শক্র পক্ষের তীর এসে আপনার গায়ে লাগে। আপনার সীনার রক্ষার্থে আমার সীনা নিবেদিত। আবূ তালহা বলেন, আমি (সেদিন) আবূ বকর তনয়া আয়িশা ও উম্মে সুলায়মকে এমন অবস্থায় দেখেছি, তারা তাদের পিঠে পানির মশক বয়ে আনছিলেন। তখন তারা এমনভাবে কাপড় গুছিয়ে চলছিলেন যে, "আমি তাদের নলীর খাড়ু দেখতে পাচ্ছিলাম। তারা আহতদের মুখে পানি ঢেলে দিচ্ছিলেন। তারা আবার গিয়ে মশক ভরে পনি এনে আহতদের মুখে পানি দিচ্ছিলেন। আবূ তালহার হাত থেকে সেদিন তন্দ্রার ঘোরে দুবার বা তিনবার তলোয়ার পড়ে যায়।

### **English**

It has been narrated on the authority of Anas b. Malik who said: On the Day of Uhud some of the people, being defeated, left the Prophet (變), but Abu Talha stood before him covering him with a shield. Abu Talha was a powerful archer who broke two or three bows that day. When a man would pass by carrying a quiver containing arrows, he would say: Spare them for Abu Talha. Whenever the Prophet (ﷺ) raised his head to look at the people, Abu Talha would say: Prophet of Allah, may my father and my mother be thy ransom, do not raise your head lest you be struck by an arrow shot by the enemy. My neck is before your neck. The narrator said: I saw `A'isha bint Abu Bakr and Umm Sulaim. Both of them had tucked up their garments, so I could see the anklets on their feet. They were carrying waterskins on their backs and would pour water into the mouths of the people. They would then go back (to the well), would fill them again and would return to pour water into the mouths of the soldiers. (On this day), Abu Talha's sword dropped down from his hands twice or thrice because of drowsiness.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন